


অনলাইন ওয়ার্কশপ অন স্মার্ট ভিলেজ এবং স্মার্ট সিটি পার্সপেক্টিভ ডিজিটাল বাংলাদেশ

২৫ সেপ্টেম্বর ২০২১ তারিখে রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিএসই ও স্থাপত্য বিভাগের পৃষ্ঠপোষকতায় “সেন্টার ফর স্মার্ট ভিলেজ ও স্মার্ট সিটিজ স্টাডিজ” কর্তৃক “স্মার্ট ভিলেজ এবং স্মার্ট সিটি পার্সপেক্টিভ ডিজিটাল বাংলাদেশ” শীর্ষক একটি অনলাইন ওয়ার্কশপের আয়োজন করা হয়। উক্ত ওয়ার্কশপে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখ। এছাড়াও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দেশবরেণ্য কম্পিউটার সাইন্টিস্ট, শিক্ষাবিদ, লেখক, কলামিস্ট এবং ব্র্যাক ইউনিভার্সিটির ফ্যাকাল্টি মেম্বর প্রফেসর ড. মোঃ কায়কোবাদ, লিডিং ইউনিভার্সিটি সিলেটের সম্মানিত ভাইস চ্যান্সেলর প্রফেসর কাজী আজিজুল মওলা, ইসিই ও সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগের ডীনগণ, ইউআরপি ও স্থাপত্য বিভাগের বিভাগীয় প্রধানগণ এবং সেলিব্রিটি স্পিকার হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রিয় টিভি ও চলচ্চিত্র অভিনেত্রী মিসেস ওয়াহিদা মল্লিক। ওয়ার্কশপটির পরিচালনার দায়িত্বে ছিলেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগের বিভাগীয় প্রধান প্রফেসর ড. মোঃ আল মামুন। উক্ত ওয়ার্কশপে স্পিকারগণ স্মার্ট ভিলেজ ও স্মার্ট সিটি সম্পর্কিত জ্ঞানগর্ভ আলোচনা করেন এবং এর মাধ্যমে দেশ ও দশের উত্তরোত্তর উন্নয়ন হবে বলে আশা ব্যক্ত করেন।



সিডস ফর দ্যা ফিউচার ২০২১ বাংলাদেশ

১৩ সেপ্টেম্বর ২০২১ তারিখে হয়ওয়ায়ে টেকনোলজিস (বাংলাদেশ) লিমিটেড “সিডস ফর দ্যা ফিউচার ২০২১ বাংলাদেশ” প্রোগ্রামের ইনাগুরেশন ইভেন্ট এর আয়োজন করে। উক্ত ইভেন্টে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় মন্ত্রী জুনায়েদ আহমেদ পলক, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাননীয় ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মোঃ রফিকুল ইসলাম শেখ এবং আহসানুল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সম্মানিত ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ ফজলে ইলাহি। এছাড়াও উক্ত ইভেন্টে হয়ওয়ায়ে টেকনোলজিস (বাংলাদেশ) লিমিটেড এর চীফ এক্সিকিউটিভ অফিসার Zhang Zhengjun উপস্থিত ছিলেন। উক্ত ইভেন্টটির মাধ্যমে সিডস ফর দ্যা ফিউচার ২০২১, বাংলাদেশ চ্যাপ্টারের শুভ সূচনা হয়। প্রতি বছরের ন্যায় এবারও রুয়েট হতে বাছাইকৃত দুই শিক্ষার্থী উক্ত প্রোগ্রামে অংশ নিবে এবং দেশ ও রুয়েটকে গ্লোবালি রিপ্রেজেন্ট করবে। এইবারের প্রোগ্রামে রুয়েট হতে বাছাইকৃত শিক্ষার্থীরা হলেন সিএসই ১৬ সিরিজের নাহিয়ান রিফায়াত এবং সিএসই ১৭ সিরিজের নাজিফা রহমান অধরা।

